

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা  
www.dncrp.gov.bd

নং- ২৬.০৪.০০০০.১০৮.৩৫.২৯৪.১৭.৪৮৮

তারিখঃ ১৬ জুলাই ২০১৭

বিষয়ঃ নিজস্ব উদ্যোগে স্পন্সর সংগ্রহ করে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ প্রচারের নিমিত্ত সকল সিটি কর্পোরেশন, সকল বিভাগ, সকল জেলা সদর পৌরসভার আওতাধীন সুবিধাজনক দর্শনীয় স্থানে বিলবোর্ড স্থাপন।

সূত্রঃ Altech Communication এর ১৫ ডিসেম্বর ২০১৬ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিজস্ব উদ্যোগে স্পন্সর সংগ্রহ করে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ প্রচারের নিমিত্ত নির্ধারিত শ্লোগানসহ সকল সিটি কর্পোরেশন, সকল বিভাগ ও সকল জেলা সদর পৌরসভার আওতাধীন সুবিধাজনক দর্শনীয় স্থানে ১০০ (একশত)টি বিলবোর্ড (সংযুক্ত বিভাজন অনুযায়ী) আগামী ০৩(তিন) মাসের মধ্যে স্থাপনের জন্য নিম্নোক্ত শর্তে আপনার প্রতিষ্ঠানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

শর্তাবলী

১. সকল সিটি কর্পোরেশন ও পৌরসভার অনুমতি গ্রহণপূর্বক বিলবোর্ড স্থাপন করতে হবে।
২. অত্র অধিদপ্তর থেকে বিলবোর্ড নির্মাণ ও স্থাপনের কোন অর্থ প্রদান করা হবে না এবং এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ্ট থাকবে না। সম্পূর্ণ ব্যয় Altech Communication কর্তৃক স্পন্সর সংগ্রহ করে বহন করতে হবে।
৩. সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, অধিদপ্তরের সকল বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক এবং জেলা কার্যালয়সমূহের সহকারী পরিচালকগণকে বিলবোর্ড স্থাপনের বিষয়ে অবহিত রাখতে হবে।
৪. Altech Communication কর্তৃক ১০০(একশত) টি বিলবোর্ড আগামী ০৫(পাঁচ) বছর রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করতে হবে।
৫. নির্ধারিত সময়ের মধ্যে অত্র অধিদপ্তর কর্তৃক অনুমোদিত বিষয়, চিত্র, অংগসজ্জা এবং স্ট্রাকচারাল ডিজাইন অনুযায়ী বিলবোর্ড স্থাপন করতে হবে।

সংযুক্তিঃ ৩(তিন) পৃষ্ঠা।


জনাব মোঃ ফরিদ উদ্দিন

ম্যানেজিং পার্টনার

Altech Communication

টিএ-৯২ বৈশাখী সরণি, গুলশান বাড্ডা লিংক রোড,

মধ্য বাড্ডা, ঢাকা-১২১২।



(মোঃ মাগফুর রহমান)

সহকারী পরিচালক (প্রশাসন)

ফোনঃ ৮১৮৯৪১০

ই-মেইলঃ ad-admin@dncrp.gov.bd

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- ৪। পরিচালক (সকল), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক (সকল),-----।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/গাজীপুর/কুমিল্লা/নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন,-----
- ৭। মেয়র,----- পৌরসভা, -----।

চলমান পতা-২

পতা-২

- ৮। উপপরিচালক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, -----।
- ৯। সহকারী পরিচালক, সকল জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, -----।
- ১০। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। অফিস কপি।

*স্বাক্ষর*